# GRACIE SQUARE HOSPITAL
# আর্থিক সহায়তার নীতির সারাংশ

Gracie Square Hospital-এর নিজের হাসপাতালে যে রোগীরা স্বাস্থ্য পরিচর্যা পরিষেবা গ্রহণ করেন এবং যাদের আর্থিক সাহায্যের দরকার আছে তাদের বয়স, লিঙ্গ, জাতি, জাতীয়তা, আর্থ-সামাজিক বা অভিবাসন অবস্থান, যৌনপ্রবণতা বা ধার্মিক স্বীকৃতি ব্যতিরেকে সাহায্য করার দীর্ঘ নীতি আছে।

**যদি আপনার GRACIE SQUARE HOSPITAL-এ কোনো আর্থিক দায়বদ্ধতা থাকে এবং আপনার মনে হয় যে আপনি সেই ব্যয়ভার সামাল দিতে পারবেন না, সেক্ষেত্রে GHS-এর একটি আর্থিক সহায়তা নীতি আছে যা উপযুক্ত রোগীদের সাহায্য করে থাকে।**

## কীভাবে বুঝব যে আমি আর্থিক সহায়তার জন্য যোগ্য?

- নিউ ইয়র্ক স্টেটের বাসিন্দারা চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় জরুরি পরিষেবার ক্ষেত্রে আর্থিক সহায়তার জন্য যোগ্য হতে পারেন। হাসপাতালের প্রাথমিক পরিষেবা এলাকার বাসিন্দারা চিকিৎসাগতভাবে প্রয়োজনীয় অ-জরুরি পরিষেবার ক্ষেত্রে আর্থিক সহায়তার জন্য যোগ্য হতে পারেন।
- প্রাথমিক পরিষেবা এলাকাগুলির মধ্যে নিউ ইয়র্ক সিটির পাঁচটি পৌরসভা (কাউন্টি)আছে।
- যে সমস্ত রোগীরা উপরোক্ত প্রয়োজনীয়তাগুলি পূরণ করবেন এবং যাদের নিম্নে প্রদর্শিত রাশির চেয়ে কম আয় রয়েছে তাঁরা আর্থিক সহায়তার জন্য যোগ্য হতে পারেন।

| পরিবার বা বাড়ির ব্যক্তিরা | আয় (1/21/2022 তে কার্যকর) |
|---|---|
| 1 | $81,540 |
| 2 | $109,860 |
| 3 | $138,180 |
| 4 | $166,500 |
| প্রতিটি অতিরিক্ত ব্যক্তির জন্য, যোগ করুন: | $28,320 |

- আর্থিক সহায়তার যোগ্যতা সাধারণত আর্থিক সহায়তা আবেদন সম্পূর্ণ করার পরে নির্ধারণ করা হবে।
- এই নীতি এমন চিকিৎসক বা অন্যান্য পরিষেবা প্রদানকারীদের চার্জের জন্য প্রযোজ্য নয় যারা নিজের পরিষেবার জন্য স্বাধীনভাবে বিল করেন।

## আমি কি ধরনের সহায়তা পেতে পারি?

- হাসপাতাল নিজের আর্থিক সহায়তা প্রকল্পের জন্য যোগ্য রোগীকে, সেই সমস্ত রোগী যাদের আপৎকালীন বা অন্যান্য চিকিৎসাগতভাবে আবশ্যক পরিচর্যার জন্য বিমা আছে তাদেরকে সাধারণত যা বিল করা হয় (amounts generally billed, AGB) তার চেয়ে বেশি চার্জ করবে না। অন্যান্য সমস্ত পরিচর্যার জন্য একজন যোগ্য ব্যক্তিকে, হাসপাতালের মোট চার্জের চেয়ে বেশি চার্জ করা হবে না। হাসপাতাল প্রত্যাশিত পদ্ধতি ব্যবহার করে AGB গণনা করে, এবং সেই দরটি বর্তমান নিউ ইয়র্ক স্টেটের পরিষেবার জন্য ফি-এর Medicaid দরের ওপর ভিত্তি করে গণনা করে।
- যোগ্য রোগীদের জন্য একটি কিস্তি পেমেন্ট প্ল্যান উপলভ্য হবে।
- একবার আপনার আবেদন জমা হওয়ার পর, আমরা সেই আবেদনের ওপর একটি সিদ্ধান্ত নেওয়া পর্যন্ত আপনি যে কোনও বিল উপেক্ষা করতে পারেন।

## আমি কিভাবে আবেদন করতে পারি বা আমার প্রশ্নের উত্তর পেতে পারি?

- আর্থিক সহায়তা নীতি, সংক্ষিপ্তসার এবং আবেদন প্রক্রিয়া আমাদের অ্যাডমিটিং কার্যালয়ে বা আমাদের ওয়েবসাইট www.nygsh.org-এ ইংরাজি এবং অন্যান্য ভাষায় উপলব্ধ রয়েছে।
- আর্থিক সহায়তার জন্য যোগ্যতা এবং আবেদন প্রক্রিয়া সম্পর্কিত তথ্য আমাদের অ্যাডমিটিং কার্যালয়ে উপলব্ধ রয়েছে বা আমাদেরকে **টোল ফ্রি নম্বরে (866) 299-5551** ফোন করতে পারেন।